# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

*http://khagracharipourashava.gov.bd*

স্মারক নং- খাঃপৌঃকাঃ/১৪৩৩বাঃইঃনঃ/১৬৫/২০২৬খ্রি./২২২ তারিখঃ ২৬/০২/২০২৬খ্রি.

## ১৪৩৩ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা খাগড়াছড়ি পৌরসভার নিয়ন্ত্রণাধীন নিম্নে উল্লিখিত ইজারা খাত সমূহ **১৪৩৩ বাংলা সনের ০১লা বৈশাখ** (১৪/০৪/২০২৬খ্রি.) হতে **৩০ শে চৈত্র** পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে সিল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারার দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) প্রতিবার দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত ক্রয় করা যাবে। ১ম দফায় যে সকল ইজারা খাতের দর অনুমোদিত হবে ২য় দফায় ঐ খাতের দরপত্র বিক্রয় করা হবে না। অনুরুপভাবে ২য় দফায় যে সমস্ত খাতের দরপত্র অনুমোদিত হবে ৩য় দফায় ঐ সমস্ত খাতের দরপত্র বিক্রয় করা হবে না। এজন্য পৃথকভাবে পত্রিকায় কোন বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। ১ম দফায় ডাক গৃহীত না হলে প্রতিবারই নিম্ন স্বাক্ষরকারীর নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। দরপত্রের সাথে ডাকের **১০০%** অর্থ অগ্রিম পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূলে প্রশাসক, খাগড়াছড়ি পৌরসভা এর নামে সংযুক্ত করতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ নির্ধারিত তারিখে নির্ধারিত সময়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

| **ক্রঃ নঃ** | **ইজারা খাতের বিবরণ** | **সরকারী ডাক** | **সিডিউলের মূল্য** | **ইজারা সিডিউল বিক্রির স্থান ও ইজারা সিডিউল দাখিলের স্থান** | **ইজারা সিডিউল খোলার স্থান ও সময়** | **ইজারা সিডিউল দাখিলের তারিখ** |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | কেন্দ্রীয় পৌর বাস টার্মিনাল বাস, ট্রাক, চাঁদের গাড়ি,সিএনজি,মাহেন্দ্র, পিকআপ।<br><br>(উল্লেখ্য যে, টার্মিনাল হতে পরিচালিত ব্যাটারি চালিত অটোরিক্সা, মোটরসাইকেল ব্যাতিত সকল মোটরযান) | ৫৯,০০,০০০/- | ১২,৪০০/- | ক) খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়।<br><br>খ) স্থানীয় সরকার শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,খাগড়াছড়ি।<br><br>গ) পুলিশ সুপার খাগড়াছড়ি এর কার্যালয়।<br>ঘ) উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর উপজেলা এর কার্যালয়।<br>ঙ) সহকারী কমিশনার (ভূমি), খাগড়াছড়ি সদর উপজেলা এর কার্যালয়। | খাগড়াছড়ি পৌরসভা কার্যালয় প্রতিবার দুপুর ২.০০ঘটিকা। | **<u>১ম বারঃ</u>**<br>১১/০৩/২০২৬খ্রি. দুপুর ১২.০০ঘটিকা পর্যন্ত।<br><br>**<u>২য় বারঃ</u>**<br>৩০/০৩/২০২৬খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।<br><br>**<u>৩য় বারঃ</u>**<br>০৬/০৪/২০২৬খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২ | স্ব-নির্ভর বাজার যান্ত্রিক স্ট্যান্ড স্ব-নির্ভর বাজার স্ট্যান্ড হতে পরিচালিত বাস, সিএনজি, মাহেন্দ্র, চাঁদের গাড়ী, ভাড়ায় চালিত যাত্রীবাহী পিকআপ। (উল্লেখ্য যে, অটোরিক্সা, মোটরসাইকেল ব্যাতিত) | ৪,৪৫,৫০০/- | ১,৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৩ | নেন্সি বাজার যান্ত্রিক স্ট্যান্ড নেন্সি বাজার স্ট্যান্ড হতে পরিচালিত বাস, সিএনজি, মাহেন্দ্র, চাঁদের গাড়ী, ভাড়ায় চালিত যাত্রীবাহী পিকআপ। (উল্লেখ্য যে, অটোরিক্সা, মোটরসাইকেল ব্যাতিত) | ৮,২৫,০০০/- | ২,৪০০/- | ঐ | ঐ | ঐ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | পৌর সবজি বাজার সংলগ্ন গণ-শৌচাগার। | ৭৫,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৫ | মিলনপুর ব্রীজ সংলগ্ন (ভাঙ্গাব্রীজ এলাকা) গণ-শৌচাগার। | ১০,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৬ | শাহী জামে মসজিদ সড়ক সংলগ্ন গণ-শৌচাগার। | ১৫,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৭ | পৌরসভা সংলগ্ন গণ-শৌচাগার | ১,৮৩,৭০০/- | ১০০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৮ | পৌর এলাকার খোয়াঁড় সমূহ। | ৫,৫০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৯ | হাসপাতাল গেইট সংলগ্ন গণ-শৌচাগার। | ৪৪,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ১০ | বটতলী বাজার গণ-শৌচাগার | ১১,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ১১ | নেন্সি বাজার গণ-শৌচাগার | ১২,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ১২ | গঞ্জপাড়া ব্রীজ সংলগ্ন গণ-শৌচাগার | ১০,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |

**শর্তাবলী ঃ**

**১।** দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।

**২।** ইজারা দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রশাসক,খাগড়াছড়ি পৌরসভার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে

**৩।** ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫%(পনের) ভাগ অর্থ ভ্যাট ও ১০% (দশ) ভাগ অর্থ আয়কর অগ্রিম পে- অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে ইজারা দরপত্রের সাথে জমা দিতে হবে।

**৪।** দরপত্র দাতা কর্তৃক দরপত্রের সহিত অযৌক্তিক কোন শর্ত আরোপ করা যাবে না।

**৫।** দরপত্র সংক্রান্ত শর্তাবলী নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র বিক্রির শেষ দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

**৬।** কোন প্রকার ঘষামাজা,অস্পষ্ট লেখা,কাটাছেড়া,অনুস্বাক্ষরবিহীন ও সিল গালাবিহীন দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

**৭।** অকৃতকার্য দরপত্রের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ফেরত যোগ্য। তবে সর্বোচ্চ দরপত্র দাতা কোন ক্রমে ব্যর্থ হলে সে ক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতাকে বিবেচনায় রাখা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**৮।** ইজারা দরপত্র গ্রহণকারীকে ইজারা দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

**৯।** বিজ্ঞপ্তির ০১,০২,০৩ নং ইজারা দরপত্র গ্রহণকারীকে ইজারা দরপত্রের সাথে ভ্যাট এবং আয়করের হালনাগাদ সনদ দাখিল করতে হবে করতে হবে।

**১০।** দরপত্র দাখিলের সময় ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

**১১।** দরপত্র দাখিলের সময় জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

স্বাক্ষরিত: ২৬-০২-২৬

**(সাজিয়া তাহের)**
প্রশাসক
খাগড়াছড়ি পৌরসভা

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ**

০১। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩। জেলা প্রশাসক,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। পুলিশ সুপার,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার,খাগড়াছড়ি সদর উপজেলা,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। সহকারী কমিশনার (ভূমি), খাগড়াছড়ি সদর উপজেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। জনাব/জনাবা.............................................................সদস্য, পৌরসভা কর্মসম্পাদন কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।
০৮। বিভাগীয় প্রধান, প্রশাসন বিভাগ/প্রকৌশল বিভাগ/স্বাস্থ্য বিভাগ,খাগড়াছড়ি পৌরসভা।
০৯। জনাব/জনাবা.....................................................................প্রতিনিধি,দৈনিক নয়াদিগন্ত, দৈনিক সবুজপাতার দেশ, দৈনিক বিজনেস স্ট্যান্ডার্ড,খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা। আপনাকে আগামী ০৩/০৩/২০২৬খ্রি. তারিখের মধ্যে ইজারা বিজ্ঞপ্তিটি (৪ কলাম x ৭´´) আকারে একবার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। হিসাবরক্ষক,খাগড়াছড়ি পৌরসভা, বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হল।
১১। নোটিশ বোর্ড,খাগড়াছড়ি পৌরসভা।
১২। অফিস কপি।